এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

বরিশাল শিক্ষা বোর্ড–২০১৭

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান—৭০**

[বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও)

'ক' বিভাগ

১. ডেল্টা সার্ভিস সেন্টার
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ	৭০,০০০	
প্রাপ্য হিসাব	৯০,০০০	
উত্তোলন	৮,০০০	
অফিস সরঞ্জাম	১,২০,০০০	
প্রদেয় হিসাব		৪০,০০০
অনুপার্জিত আয়		৭০,০০০
বেতন খরচ	২০,০০০	
মূলধন		৮০,০০০
ভাড়া খরচ	২২,০০০	
সেবা আয়		১,৩০,০০০
উপযোগ খরচ	৪,০০০	
সুদ আয়		২০,০০০
অফিস খরচ	৬,০০০	
	৩,৪০,০০০	৩,৪০,০০০

সমন্বয়সমূহ :

(১) দুই মাসের বেতন বকেয়া রয়েছে।
(২) অনুপার্জিত আয়ের ৪০,০০০ টাকা উপার্জিত হয়েছে।
(৩) ভাড়া প্রতিমাসে ২,০০০ টাকা করে প্রদান করা হয়।
(৪) অফিস সরঞ্জামের উপর ১০% অবচয় ধার্য কর।

(ক) অপরিশোধিত বেতনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী তৈরি কর। ৪
(গ) ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখের আর্থিক অবস্থার বিবরণীতে দায়ের পাশ দেখাও। ৪

Teachingbd.com

২.

আবির ট্রেডার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
মূলধন		৪,০০,০০০
উত্তোলন	৫০,০০০	
মজুদ পণ্য (১.১.২০১৬)	৫৮,০০০	
পণ্য ক্রয় ও পণ্য বিক্রয়	২,০০,০০০	৩,৬০,০০০
ফেরত	৫,০০০	৯,০০০
১০% বিনিয়োগ (১.১০.১৬)	১,৫০,০০০	
মজুরি	২৫,০০০	
বিমা সেলামি	২,০০০	
মনিহারি	১,০০০	
ভাড়া	৪,৫০০	
যন্ত্রপাতি	৫২,০০০	
শিক্ষানবিশ সেলামি		৭,০০০
অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি		৩,০০০
দালানকোঠা	১,১০,০০০	
আসবাবপত্র	৫৮,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৪৮,০০০	৩৬,০০০
বেতন	২০,০০০	
নগদ তহবিল	৩১,৫০০	
	৮,১৫,০০০	৮,১৫,০০০

সমন্বয়সমূহ :

(১) সমাপনী মজুদ পণ্যের বাজারমূল্য ৯০,০০০ টাকা এবং ক্রয়মূল্য ৮০,০০০ টাকা।
(২) অনাদায়ী পাওনা অবলোপন করতে হবে ৪,০০০ টাকা।
(৩) ১২,০০০ টাকার একটি যন্ত্রপাতি ১.৭.২০১৬ তারিখে ক্রয় ও সংস্থাপন করা হয়। উক্ত মেশিনের সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত রয়েছে।
(৪) মেশিনের উপর ১০% অবচয় ধার্য কর।
(৫) প্রারম্ভিক মজুদের মধ্যে ২,০০০ টাকার এবং সমাপনী মজুদের মধ্যে ১,০০০ টাকার মনিহারি অন্তর্ভুক্ত রয়েছে। বিনামূল্যে পণ্য বিতরণ ৪,০০০ টাকা।
(৬) ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ২,০০০ টাকা।

(ক) মেশিনের অবচয়ের পরিমাণ (গণনাসহ) নির্ণয় কর। ২
(খ) বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
(গ) চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ দেখাও। ৪

'খ' বিভাগ

৩. জনাব ইমরান একজন স্থপতি। ১ জানুয়ারি ২০১৬ তারিখে তিনি নগদ ৫০,০০০ টাকা; ২০,০০০ টাকার আসবাবপত্র এবং ১০,০০০ টাকা ঋণ নিয়ে একটি সেবা ফার্ম শুরু করেন। উক্ত মাসে লেনদেনগুলো নিম্নরূপ :

জানুয়ারি ২ ধারে সেবা প্রদান ১৫,০০০ টাকা।
৫ ধারে সাপ্লাইজ ক্রয় ৫০০ টাকা।
১৬ ভাড়া প্রদান ৩,০০০ টাকা।
৩১ ঋণ পরিশোধ ৫,০০০ টাকা।

http://teachingbd.com

(ক) প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

(গ) টেব্যুলার বিশ্লেষণের মাধ্যমে হিসাব সমীকরণের উপর লেনদেনগুলোর প্রভাব দেখাও। ৪

৪. **২০১৬ সালের এপ্রিল মাসে সাকিব এন্ড সন্স-এর লেনদেনগুলো নিম্নরূপ :**

এপ্রিল ১ নগদ তহবিল ৪০,০০০ টাকা এবং ব্যাংক জমা (ক্রে:) ৬,০০০ টাকা।

২ সেলিমের নিকট পণ্য ক্রয় ১০,০০০ টাকা।

৫ রহিমের নিকট ২০,০০০ টাকার পণ্য ক্রয় করে নগদ ১৩,০০০ টাকা এবং অবশিষ্ট টাকা চেকে প্রদান।

১২ নগদে ২৫,০০০ টাকার পণ্য বিক্রয় এবং মালিক ৫,০০০ টাকা উত্তোলন করলেন।

১৫ ব্যাংক হতে ব্যক্তিগত প্রয়োজনে ২,৫০০ টাকা এবং অফিস প্রয়োজনে ১,০০০ টাকা উত্তোলিন হলো।

২২ প্রাপ্য বিলের মাধ্যমে পণ্য বিক্রয় ৫,০০০ টাকা।

২৮ নগদে বেতন প্রদান ১,০০০ টাকা এবং চেকে প্রদান ৩,০০০ টাকা।

৩০ সমাপনী নগদ উদ্বৃত্তের ১,০০০ টাকা হাতে রেখে অবশিষ্ট অর্থ ব্যাংকে জমা দেয়া হলো।

(ক) কোন কোন লেনদেন নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না তা চিহ্নিত কর। ২

(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে একটি দু'ঘরা নগদান বই তৈরি কর। ৪

(গ) ক্রয় হিসাব ও বিক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

৫. **২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে রিফাত এন্ড কোং-এর খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :**

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের শিরোনাম	টাকা
নগদ তহবিল (১.১.২০১৬)	৩,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	১৫,০০০
ক্রয়	৩২,০০০
১০% বন্ধকী ঋণ	২১,০০০
প্রদেয় হিসাব	৩৫,০০০
সম্ভাব্য দায়	১,০০০
মেশিন	২৬,০০০
মূলধন	৩৭,৭০০
ভাড়া আয়	৫০০
শিক্ষানবিশ সেলামি	৪০০
প্রাপ্য হিসাব	১৭,২০০
বিক্রয়	৫৪,০০০
নগদ তহবিল (৩১.১২.২০১৬)	২০,০০০
সুদ আয়	৪০০
আসবাবপত্র	৩৫,০০০
অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি	২০০
সমাপনী মজুদ পণ্য	২৫,০০০
অলিখিত ক্রয়	৩,০০০
আন্তঃফেরত	৪,০০০
বহিঃফেরত	২,০০০

(ক) গণনাসহ সমন্বিত ক্রয় নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত উদ্বৃত্ত হতে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

(গ) চলতি সম্পত্তি ও মুনাফাজাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৬. **২০১৫ সালের ৩০ জুন তারিখে সাফা এন্ড কোং-এর নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,০০০ টাকা কিন্তু ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্তের গরমিল পরিলক্ষিত হয়। অনুসন্ধানের পর উদ্বৃত্তের গরমিলের নিম্নলিখিত কারণসমূহ পাওয়া যায় :**

i. ৭,০০০ টাকা ও ৫,০০০ টাকার দুটি চেক ইস্যু করা হয়েছে কিন্তু ৩১ ডিসেম্বর তারিখের মধ্যে পরিশোধের জন্য ব্যাংকে ৭,০০০ টাকার চেকটি উপস্থাপিত হয়েছে।

ii. ব্যাংক কর্তৃক বিনিয়োগের সুদ আদায় ১,০০০ টাকা, যা নগদান বইতে লেখা হয়নি।

iii. আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত ৩,০০০ টাকার চেক ব্যাংক কর্তৃক আদায় হয়নি।

iv. দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৪,০০০ টাকা, যা নগদান বইতে লেখা হয়নি।

v. ব্যাংক ধার্যকৃত চার্জ ৩০০ টাকা এবং মঞ্জুরিকৃত সুদ ৮০০ টাকা নগদানভুক্ত হয়নি।

(ক) ব্যাংক কর্তৃক আদায়কৃত টাকার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) (ii), (iii), (iv) ও (v) নং দফার জাবেদা দাখিলা দেখাও। ৪

(গ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি কর। ৪

৭. **সাজিদ ট্রেডার্সের হিসাব বই থেকে নিম্নোক্ত তথ্যগুলি নেয়া হয়েছে–**

২০১৬

জুলাই ১ ৮০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করলেন।

৫ পুরাতন কম্পিউটার বিক্রয় বাবদ পাওয়া গেল ৩০,০০০ টাকা। (২০১০ সালের জুলাই, ০৫ উক্ত কম্পিউটারটি ৫০,০০০ টাকায় ক্রয় করা হয়েছিল। বার্ষিক অবচয়ের পরিমাণ ১০%)।

১৫ ফাহিম এন্ড কোং-এর নিকট থেকে ৫% বাট্টা বাদ দেয়ার পর পূর্ণনিষ্পত্তি বাবদ চেক পাওয়া গেল ২৩,৭৫০ টাকা।

২১ নগদে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।

২৮ ডাচ বাংলা ব্যাংক থেকে ঋণ নেয়া হলো ৫,০০০ টাকা।

৩১ অকেজো কাগজ বিক্রয় ২০০ টাকা।

(ক) বাট্টা খরচের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) নগদ প্রাপ্তি জাবেদা তৈরি কর। ৪

(গ) কম্পিউটার বিক্রয়জনিত লাভ বা ক্ষতি গণনাসহ দেখাও। ৪

৮. **১ জানুয়ারি ২০১৬ তারিখে তারিখে মাহি লি.-এর হিসাব বই-এ অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতির উদ্বৃত্ত (ক্রেডিট) ১,৫০০ টাকা। ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের পরিমাণ ৩১,৫০০ টাকা। প্রাপ্য হিসাবের ৫০০ টাকা আদায়যোগ্য নয়। প্রাপ্য হিসাবের উপর ৫% ধরে অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে।**

(ক) ২০১৬ সালের অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) জাবেদা দাখিলা দেখাও। ৪

(গ) অনাদায়ী পাওনা হিসাব এবং অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি হিসাব তৈরি কর। ৪

৯. **শফিক ট্রেডার্সের ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :**

রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাব খাত	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
সেবা আয়		১,৮০,০০০
মূলধন		১,৩০,০০০
উত্তোলন	৪৫,০০০	
বেতন	৭০,০০০	
অগ্রিম বিমা	৪২,০০০	
প্রাপ্য হিসাব	২,০০,০০০	
প্রদেয় হিসাব		২০,০০০
অনুপার্জিত সেবা আয়		৩০,০০০
সাপ্লাইজ খরচ	৩,০০০	
	৩,৬০,০০০	৩,৬০,০০০

Teachingbd.com

http://teachingbd.com

সমন্বয়সমূহ :

(১) অব্যবহৃত সাপ্লাইজ ৫০০ টাকা।
(২) অগ্রিম বিমার মেয়াদ উত্তীর্ণ হয়েছে ২০,০০০ টাকা।
(৩) সেবা আয় অনুপার্জিত হয়েছে ১৫,০০০ টাকা।
(৪) দুই মাসের বেতন বকেয়া রয়েছে।

(ক) (১) ও (৩) নং সমন্বয়ের প্রয়োজনীয় জাবেদা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ২
(খ) উপরোক্ত তথ্যাবলি হতে একটি সমন্বিত রেওয়ামিল প্রস্তুত কর। ৪
(গ) উপরোক্ত তথ্যাবলির সমাপনী দাখিলা দাও। ৪

১০. সৈকত ট্রেডার্স ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ১,০০,০০০ টাকায় একটি যন্ত্রপাতি ক্রয় করে। এর সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা। যন্ত্রপাতিটির কার্যকরী আয়ুষ্কাল ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ১০,০০০ টাকা। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বন্ধ করা হয়।

(ক) ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয়ের হার নির্ণয় কর। ২
(খ) ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২০১৫ সালের জাবেদা দাও। ৪
(গ) সরলরৈখিক পদ্ধতিতে ৩ বছর পর্যন্ত পুঞ্জীভূত অবচয় হিসাব তৈরি কর। ৪

১১. জনাব মোস্তাফিজ একজন খুচরা ব্যবসায়ী। তিনি তার হিসাব বই দু'তরফা দাখিলা মোতাবেক সংরক্ষণ করেন না। তার হিসাব বই হতে নিম্নোক্ত তথ্য সরবরাহ করা হলো :

বিবরণ	১.১.২০১৬ টাকা	৩১.১২.২০১৬ টাকা
নগদ তহবিল	২০,০০০	৬০,০০০
ব্যাংক জমা	১৫,০০০	৩,০০০
মজুদ পণ্য	৪০,০০০	৮২,০০০
প্রাপ্য হিসাব	২৫,০০০	৭২,০০০
১০% বিনিয়োগ (৩১.১০.২০১৬)		৬০,০০০
প্রদেয় হিসাব	২০,০০০	৩৫,০০০
আসবাবপত্র	৪৫,০০০	–
প্রদেয় নোট	৮,০০০	–

জনাব মোস্তাফিজ নিজ প্রয়োজনে ব্যবসায় থেকে প্রতি মাসে ২,০০০ টাকা করে নগদ উত্তোলন করেন। এ ছাড়াও তিনি মোট ৬,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করেন। উত্তোলিত এ অর্থ হতে ৫,০০০ টাকা এবং ব্যক্তিগত কম্পিউটার ৪০,০০০ টাকায় বিক্রয় করে মোট ৪৫,০০০ টাকা দিয়ে কারবারের জন্য ১ জুলাই তারিখে একটি ডেলিভারি ভ্যান ক্রয় করেন। প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট প্রাপ্য হিসাবের ১০% ধরে অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে। স্থায়ী সম্পত্তির উপর ১০% অবচয় ধার্য কর।

(ক) বিনিয়োগের সুদের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) প্রারম্ভিক ও সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) উপরোক্ত তথ্যের ভিত্তিতে প্রতিষ্ঠানের লাভক্ষতি বিবরণী প্রস্তুত কর। ৪

http://teachingbd.com

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

সময় ঃ ৩০ মিনিট

বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. ব্যবসায়ের মোট সম্পদ থেকে বহির্দায় বাদ দিলে যা অবশিষ্ট থাকে তাকে কী বলে?
ক) চলতি মূলধন খ) মালিকানা স্বত্ব
গ) নিট মুনাফা ঘ) স্থায়ী সম্পদ

২. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?
ক) শেয়ার মালিক খ) শ্রমিক সংঘ
গ) ব্যবস্থাপনা ঘ) ভোক্তা সংঘ

নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও:

জনাব রাজন একজন কাপড়ের ব্যবসায়ী। ২০১৬ সালের ৩০ জুন তারিখে তার ব্যবসায়ের আর্থিক বিবরণী প্রস্তুত করার সময় দেখতে পায় জুন মাসের বেতন বাবদ ৫,০০০ টাকা এখনও পরিশোধ করা হয়নি এবং মনিহারি অব্যবহৃত রয়েছে ৭০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।

৩. উপরোক্ত সমন্বয় দুটি না করা হলে মি. রাজন-এর ব্যবসায়ের নিট লাভ কত টাকা কম বা বেশি দেখানো হবে?
ক) ৭০০ টাকা কম খ) ৪,৩০০ টাকা বেশি
গ) ৫,০০০ টাকা বেশি ঘ) ৫,৭০০ টাকা কম

৪. হিসাববিজ্ঞানের কোন ধারণার কারণে উপরোক্ত সমন্বয় দুটি করা প্রয়োজন?
ক) বকেয়া খ) মিলকরণ
গ) রাজস্ব স্বীকৃতি ঘ) ঐতিহাসিক ব্যয়

৫. ক্রয় জাবেদা থেকে জানা যায়—
i. মোট ক্রয়ের পরিমাণ
ii. প্রদেয় হিসাবের পরিমাণ
iii. মোট ধারে ক্রয়ের পরিমাণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. ব্যাংক হিসাবে প্রভাব ফেলবে—
i. ব্যাংক সুদ মঞ্জুর করলে
ii. ব্যাংক খরচ চার্জ করলে
iii. ব্যাংক কমিশন ধার্য করলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. অবচয় ধার্যের উদ্দেশ্য হচ্ছে—
i. ব্যয় বণ্টন করা
ii. প্রকৃত লাভ-ক্ষতি নির্ণয়
iii. সঠিক কর দায় নির্ণয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করা হলে—
i. সঠিক লাভ-ক্ষতি নির্ণয় করা যায় না
ii. সঠিক আর্থিক অবস্থা জানা যায় না
iii. শ্রম ও অর্থের সাশ্রয় করা যায় না
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও:

জনাব আকাশ-এর ব্যবসায়ের অনাদায়ী পাওনা সঞ্চিতি আরো বৃদ্ধি করতে হবে। ২,০০০ টাকা হিসাবভুক্ত অনাদায়ী পাওনা ৫,০০০ টাকা এবং বছর শুরুতে অনাদায়ী পাওনা সঞ্চিতি ৪,০০০ টাকা।

৯. হিসাব বছরে নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ কত টাকা?
ক) ২,০০০ খ) ৩,০০০
গ) ৬,০০০ ঘ) ৭,০০০

১০. যদি বছরের শুরুতে অনাদায়ী পাওনা সঞ্চিতি ৬,০০০ টাকা হয় তাহলে আর্থিক অবস্থার বিবরণীতে কী পরিবর্তন হবে?
ক) সম্পদ বৃদ্ধি পাবে ৬,০০০ টাকা
খ) দায় বৃদ্ধি পাবে ১২,০০০ টাকা
গ) সম্পদ ও দায় বৃদ্ধি পাবে ২,০০০ টাকা
ঘ) সম্পদ ও দায় বৃদ্ধি পাবে ৪,০০০ টাকা

১১. ক্রয় বা বিক্রয়ের সময় পণ্যের লিখিত মূল্য থেকে বাদ দেওয়া হয় কোন বাট্টা?
ক) কারবারি বাট্টা খ) নগদ বাট্টা
গ) চেইন বাট্টা ঘ) পরিমাণ বাট্টা

১২. নিম্নের কোনটি মৌলিক হিসাব সমীকরণের সঠিক রূপ?
ক) A + L = OE খ) L + A = OE
গ) A – L = LE ঘ) A + L + OE

১৩. একতরফা দাখিলা পদ্ধতি প্রকৃতপক্ষে—
i. লেনদেনের একটি অংশ লিখন পদ্ধতি
ii. অবৈজ্ঞানিক হিসাব পদ্ধতি
iii. অসম্পূর্ণ হিসাব পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. বিপরীত দাখিলা কখন দেওয়া হয়?
ক) হিসাবকালের প্রথম তারিখ
খ) আর্থিক বিবরণী তৈরির পূর্বে
গ) সমন্বয় দাখিলার আগে
ঘ) হিসাবকালের শেষ তারিখ

১৫. হিসাববিজ্ঞানকে কী নামে অভিহিত করা হয়?
ক) হিসাব ব্যবস্থা খ) তথ্য ব্যবস্থা
গ) নিরীক্ষা ব্যবস্থা ঘ) বিবরণী ব্যবস্থা

১৬. খনিজ সম্পদের অবলোপনের সময় কোন পদ্ধতিটি প্রযোজ্য?
ক) পুনঃমূল্যায়ন পদ্ধতি
খ) শূন্যকরণ পদ্ধতি
গ) উৎপাদন একক পদ্ধতি
ঘ) সিংকিং ফান্ড পদ্ধতি

Teachingbd.com

http://teachingbd.com

১৭. তিনঘরা নগদান বইতে জের নির্ণয় করা হয়–
i. নগদ কলামের
ii. ব্যাংক কলামের
iii. বাট্টা কলামের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. দ্বৈত জের সংশোধন পদ্ধতিতে কোন জের নিয়ে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করা হয়?
ক ব্যাংক বিবরণীর জের
খ নগদান বইয়ের জের
গ ব্যাংক বিবরণী এবং নগদাই বই উভয়ের জের
ঘ ব্যাংক বিবরণী অথবা নগদান বইয়ের যে কোনো একটির জের

নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:
সালেহা ট্রেডার্স-এর প্রারম্ভিক মজুদ পণ্য ১৫,০০০ টাকা; পণ্য ক্রয় ১,০০,০০০ টাকা; ক্রয় ফেরত ৭,৫০০ টাকা; ক্রয়ের উপর বাট্টা ২,৫০০ টাকা; মজুরি ৩,০০০ টাকা; নগদ শুল্ক ১২,০০০ টাকা এবং সমাপনী মজুদ মালের মূল্য ২৫,০০০ টাকা। প্রতিষ্ঠানটি বিক্রয় মূল্যের উপর ২০% লাভ করে।

১৯. সালেহা ট্রেডার্সের বিক্রিত পণ্যের ব্যয়ের পরিমাণ কত টাকা?
ক ৮৩,০০০ খ ৯২,০০০
গ ৯৫,০০০ ঘ ১,২০,০০০

২০. উক্ত প্রতিষ্ঠানের মোট লাভের পরিমাণ কত টাকা?
ক ২০,০০০ খ ২২,৫০০
গ ২৫,০০০ ঘ ২৭,০০০

২১. ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যান হলে প্রভাবিত হয়–
i. ব্যাংক হিসাব
ii. দেনাদার হিসাব/ প্রাপ্য হিসাব
iii. পাওনাদার প্রদেয় হিসাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২২. হিসাববিজ্ঞানের কোন নীতির আলোকে সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য বা বাজারমূল্য যেটি কম সেটি নির্ধারণ করতে হয়?
ক ঐতিহাসিক মূল্য নীতি
খ রাজস্ব স্বীকৃতি নীতি
গ রক্ষণশীলতা নীতি
ঘ আপেক্ষিক গুরুত্ব নীতি

২৩. মুনাফা জাতীয় হিসাব বন্ধ করার জন্য কোন দাখিলার প্রয়োজন হয়?
ক সমন্বয় খ সমাপনী
গ বিপরীত ঘ সংশোধনী

২৪. মুনাফাবিহীন বিক্রয় বিশদ আয় বিবরণীতে–
i. ক্রয় থেকে বাদ দিতে হবে
ii. সমাপনী মজুদ পণ্য থেকে বাদ দিতে হবে
iii. বিক্রয় হতে বাদ দিতে হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাবভুক্ত করার পদ্ধতিগুলো কী?
ক প্রত্যক্ষ অবলোপন পদ্ধতি এবং সঞ্চিতি পদ্ধতি
খ প্রত্যক্ষ পদ্ধতি এবং পরোক্ষ পদ্ধতি
গ প্রত্যক্ষ এবং অবিরত পদ্ধতি
ঘ পরোক্ষ এবং কাল্পনিক পদ্ধতি

২৬. ১ মার্চ, ২০১৬ তারিখে ৯০ দিন মেয়াদি প্রদেয় নোটে স্বীকৃতি দেয়া হলো। নোটটির মেয়াদপূর্তির তারিখ কোনটি হবে?
ক ২৯ মে খ ৩০ মে
গ ৩১ মে ঘ ২ জুন

নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও:
জনাব রিফাত একজন আসবাবপত্র ব্যবসায়ী। তিনি ৫,০০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করে ভুলবশত আসবাবপত্র হিসাব ডেবিট করেন।

২৭. জনাব রিফাতের ভুলটি কোন প্রকৃতির?
ক করণিক ভুল খ নীতিগত ভুল
গ পরিপূরক ভুল ঘ বাদ পড়ার ভুল

২৮. জনাব রিফাতের ভুলের জন্য রেওয়ামিলের কী প্রভাব পড়বে?
ক ডেবিট ৫,০০,০০০ টাকা বেশি হবে
খ ক্রেডিট ৫,০০,০০০ টাকা বেশি হবে
গ উভয় পার্শ্বের জের ৫,০০,০০০ টাকা
ঘ রেওয়ামিলে কোনো প্রভাব পড়বে না

২৯. জনাব রিফাত সাহেবের প্রারম্ভিক মূলধন ২০,০০০ টাকা। সমাপনী মূলধন ২৬,০০০ টাকা; অতিরিক্ত মূলধন ৪,০০০ টাকা; উত্তোলনের পরিমাণ ১,০০০ টাকা হলে ঐ বছরে লাভ বা ক্ষতির পরিমাণ কত হয়েছিল?
ক ৩,০০০ টাকা লাভ খ ৩,০০০ টাকা ক্ষতি
গ ৭,০০০ টাকা লাভ ঘ ৭,০০০ টাকা ক্ষতি

৩০. কখন সমাপনী মজুদ পণ্য রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়?
ক যদি রেওয়ামিলে বিক্রিত পণ্যের ব্যয় অন্তর্ভুক্ত হয়
খ যদি ক্রয় ও বিক্রয় রেওয়ামিলে প্রদর্শিত হয়
গ যদি সমন্বিত ক্রয় রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়
ঘ যদি রেওয়ামিলে ক্রয় ফেরত ও বিক্রয় ফেরত হয়

Teachingbd.com